



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র  
ভূমি মন্ত্রণালয়  
২৭৭/৫/এ শহিদ জননী জাহানারা ইমাম সরণি  
৩/এ, নীলক্ষেত, কাটাবন ঢাল, ঢাকা।  
[www.latc.gov.bd](http://www.latc.gov.bd)



স্মারক নং-৩১.০৪.০০০০.০০০.১৭.০০৪.২০১৮- ২০ ০ তারিখ: ২৮ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ  
১১ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ


ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের স্মরণিকার জন্য আর্টিকেল/প্রবন্ধ/গঠনমূলক লেখা আহ্বান।

মহোদয়,

অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ২০২১ সালে “ভূমিসেবা” শিরোনামে একটি স্মরণিকা প্রকাশ করতে যাচ্ছে। ১৯৮৭ সালে “ভূমি প্রশাসন প্রশিক্ষণ কর্মসূচি” নামে একটি কর্মসূচি থেকে যাত্রা শুরু করে সুদীর্ঘ ৩৪ বছর ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র সার্থকতার সাথে ভূমি সেবা বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করেছে। ভূমি সেবা ডিজিটাইশনে অনন্য ভূমিকা রাখার জন্য ভূমি মন্ত্রণালয় গৌরবজনক “জাতিসংঘ পাবলিক সার্ভিস পদক ২০২০” অর্জন করেছে। মুজিব শতবর্ষ উদযাপনের মাহেন্দ্রক্ষণ এ অর্জনকে আরো মহিমান্বিত করেছে। এ প্রকাশনার মাধ্যমে ভূমি সেবায় সহকারী কমিশনার (ভূমি) সহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ স্ব-উদ্যোগে সেবা সহজীকরণে যে সকল উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করেছে তা একই মলাটে প্রকাশের মাধ্যমে সকলকে অবহিতকরণ সম্ভব হবে। ফলে উদ্ভাবনী উদ্যোগসমূহ বৃহত্তর পরিসরে অনুসরণ ও নব উদ্ভাবন প্রচেষ্টা ত্বরান্বিত হবে। বর্ণিত প্রেক্ষাপটে কর্মকর্তাদের সেবা সহজীকরণে বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগসহ সমসাময়িক প্রেক্ষাপটে অভিজ্ঞতালব্ধ, গবেষণালব্ধ, তত্ত্বীয়, বিশ্লেষণধর্মী এবং ঐতিহাসিক নিবন্ধসমূহ উক্ত প্রকাশনার জন্য গুরুত্বের সাথে বিবেচিত হবে।

উক্ত স্মরণিকায় প্রকাশের জন্য আপনার/আপনার প্রতিষ্ঠানের পক্ষ থেকে বাংলায় লিখিত আর্টিকেল/নিবন্ধ/গঠনমূলক লেখা আহ্বান করা যাচ্ছে। নিবন্ধ/লেখা প্রণেতাগণের জন্য প্রয়োজনীয় তথ্যাবলী এতদসঙ্গে (অপর পৃষ্ঠায়) সংযুক্ত করা হলো। নিবন্ধ/লেখার হার্ডকপি এবং সফটকপি (সিডি অথবা ই-মেইল: [dirlatc@gmail.com](mailto:dirlatc@gmail.com) অথবা [sasmopa@gmail.com](mailto:sasmopa@gmail.com)) আগামী ১১মার্চ, ২০২১ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষকারীর নিকট প্রেরণ করার জন্য আপনাকে/আপনার প্রতিষ্ঠানকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রাপকঃ .....।

  
প্রিয়সিদ্ধু তালুকদার  
উপ-পরিচালক (প্রশিক্ষণ) ও উপসচিব  
ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।

নিবন্ধ/লেখা প্রণেতাগণের জন্য প্রয়োজনীয় তথ্যাবলীঃ

- ভূমি সেবা বিষয়ক উদ্ভাবনী ও গবেষণামূলক আর্টিকেল/প্রবন্ধ/গঠনমূলক লেখা বর্ণিত প্রকাশনায় প্রকাশের জন্য অধিক গুরুত্ব পাবে।
- রচনা মৌলিক এবং অন্য কোন জার্নাল বা সাময়িকী , সংবাদপত্রে প্রকাশিত হয়নি বা প্রকাশের জন্য প্রেরিত হয়নি, এ মর্মে তা জমা দেওয়া বা প্রেরণের সময় একটি লিখিত বিবৃতি প্রদান করতে হবে।
- লেখা মানসম্পন্ন সাদা কাগজে (রিপোর্ট সাইজ) পর্যাপ্ত মার্জিন রেখে এক পৃষ্ঠায় ডাবল স্পেসে কম্পিউটার মুদ্রিত হতে হবে। মূল পান্ডুলিপির হার্ডকপিসহ ই-মেইলে সফটকপি প্রেরণ করতে হবে।
- কম্পিউটার কম্পোজের ক্ষেত্রে **Unicode NikoshBan'** ফন্ট এবং ফন্টসাইজ ১৪ হতে হবে।
- লেখায় বাংলা একাডেমী অনুমোদিত বানান পদ্ধতি অনুসরণ করতে হবে।
- মূলকপিসহ পান্ডুলিপির ২ (দুই) প্রস্থ (পরিচ্ছন্ন কপি) [dirlatc@gmail.com](mailto:dirlatc@gmail.com) অথবা [sasmopa@gmail.com](mailto:sasmopa@gmail.com) ঠিকানায় পাঠাতে হবে। লেখার উপর আলাদা কাগজে (কভারপেজ) লেখার শিরোনামসহ রচয়িতার নাম, পদবি ও ঠিকানা উল্লেখ করতে হবে।
- ভিন্ন কাগজে লেখকের সংক্ষিপ্ত পরিচিতি প্রবন্ধের সঙ্গে যুক্ত করতে হবে।
- লেখাটি অনধিক ১২০০ শব্দের মধ্যে হতে হবে।
- লেখার পাদটীকায় ও তথ্যপঞ্জিতে লেখক, প্রকাশক , গ্রন্থের প্রকাশকাল , স্থান ও পৃষ্ঠা এবং সাময়িকীর ক্ষেত্রে রচয়িতা, রচনা/লেখার নাম, সাময়িকীর নাম, খন্ড ও ইস্যু সংখ্যার বছর ও পৃষ্ঠা প্রচলিত প্রমিত নিয়ম(standard) অনুসারে উল্লেখ করতে হবে।
- লেখা প্রকাশিত হলে লেখক সৌজন্য সংখ্যা হিসেবে স্মরণিকার ০২(দুই) কপি বিনামূল্যে পাবেন।
- প্রাপ্ত প্রবন্ধ এবং অন্যান্য লেখা প্রকাশের ক্ষেত্রে সম্পাদনা পর্ষদ —এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং অমনোনীত প্রবন্ধ/ রচনা সাধারণত লেখককে ফেরত দেওয়া হয়না।
- মুদ্রিত প্রবন্ধ/লেখার জন্য লেখককে কেন্দ্র থেকে সম্মানী প্রদান করা হবে।

৯